



বহুভাষিক সিভিক ওরিয়েন্টেশন

ফিনল্যান্ডে জীবন শুরু করতে আপনার নিজের ভাষায় সহায়তা

বহুভাষিক সিভিক ওরিয়েন্টেশন কী?

বহুভাষিক সিভিক ওরিয়েন্টেশন হচ্ছে ফিনল্যান্ডে আসা ব্যক্তিদের জন্য একটি বিনামূল্যের কোর্স। এই কোর্সে অংশগ্রহণকারীদের মাতৃভাষায় বা তারা যে অন্য কোনো ভাষা ভালোভাবে জানেন সেই ভাষায় ফিনিশ সমাজ সম্পর্কে তথ্য প্রদান করা হয়। এর লক্ষ্য হলো নবাগতদের ফিনল্যান্ডের দৈনন্দিন জীবন, স্থানীয় পরিসেবাসমূহ এবং কর্মজীবন সম্পর্কে বুঝতে সাহায্য করা। সিভিক ওরিয়েন্টেশন দৈনন্দিন বিষয়গুলো স্বাধীনভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় দক্ষতা গড়ে তোলে। অংশগ্রহণকারীরা তাদের অধিকার ও দায়িত্ব, ফিনল্যান্ডে বিভিন্ন বিষয় কিভাবে পরিচালিত হয় এবং তাদের স্থানীয় এলাকায় কোন কোন পরিসেবা রয়েছে রয়েছে সে সম্পর্কে জানতে পারেন। কোর্সটি অংশগ্রহণমূলক, যা শিখতে সহায়তা করে এবং দলগত আলোচনার সুযোগ দেয়।

সময়কাল এবং ধরন

কোর্সটি ৭০ ঘণ্টার। এতে সরাসরি ক্লাস, অনলাইন শিক্ষা এবং স্বশিক্ষা অন্তর্ভুক্ত থাকতে পারে।

শিক্ষা কার্যক্রম দলগতভাবে পরিচালিত হয়, অংশগ্রহণকারীদের মাতৃভাষায় বা তারা অন্যে যে ভাষা ভালোভাবে জানেন সেই ভাষায়।

সময়সূচি এবং কোর্সের ধরন সম্পর্কে আরও বিস্তারিত তথ্য কোর্স শুরু হওয়ার কাছাকাছি সময়ে অংশগ্রহণকারীদের পাঠানো হবে।

কোর্সটিতে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে:

- ফিনল্যান্ডে বাসস্থান ও দৈনন্দিন জীবন
- ফিনিশ সমাজ কিভাবে কাজ করে
- অধিকার ও দায়িত্ব
- সমতা ও বৈষম্যহীনতা
- শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ
- চাকুরী অনুসন্ধান ও উদ্যোক্তা কার্যক্রম
- সরকারি পরিসেবা এবং সেগুলো ব্যবহারের পদ্ধতি
- আর্থিক বিষয় এবং দৈনন্দিন দক্ষতা
- সংগঠন এবং স্বেচ্ছাসেবামূলক কাজ
- ফিনল্যান্ডের ইতিহাস এবং সংস্কৃতি

সিভিক ওরিয়েন্টেশন কার জন্য?

সিভিক ওরিয়েন্টেশন তাদের জন্য, যারা ফিনল্যান্ডে এসেছেন এবং এখানে জীবন শুরু করার প্রাথমিক পর্যায়ে আছেন। এটি নবাগতদের ফিনল্যান্ডে তাদের দৈনন্দিন জীবন শুরু করতে এবং গড়ে তুলতে সহায়তা করে।

নিবন্ধন

কোর্সে অংশগ্রহণের ব্যবস্থা একজন ইনটিগ্রেশন বিশেষজ্ঞের (kotoutumisasiantuntija) সাথে মিলে করা হয়।